বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২০৭.৯৬-৬৭৩৪ তারিখঃ ২৪/৫/২০১৬ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা------------------
জেলা------------------ ।

বিষয়ঃ প্রকল্পের মাইক্রোফাইনান্স এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ বাবদ অর্থ প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা" প্রকল্পের সুফলভোগী সদস্যদের জীবন বৃত্তান্ত, প্রশিক্ষণের তথ্য, ঋণ বিতরন, ঋণ আদায় ও সঞ্চয় আমানতসহ প্রকল্প কার্যক্রমের সকল তথ্য সংরক্ষণ এবং উহার স্বচ্ছতা-জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে মাইক্রো-ফাইনান্স এমআইএস সফট্ওয়ার কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। ডাটাসফট সিস্টেমস বাংলাদেশ লিঃ, ৭৩-ডি, এয়ারপোর্ট রোড, মনিপুরিপাড়া, ঢাকা-১২১৫ এর সাথে প্রকল্পের চুক্তি মোতাবেক প্রতিষ্ঠানটিকে সার্ভিস চার্জ বাবদ মার্চ/২০১৬ হতে প্রতি উপজেলা দপ্তরকে মাসিক ১,৭০০.০০ (এক হাজার সাতশত) টাকা হারে পরিশোধ করতে হবে। এছাড়া ঋন বিতরন-আদায়, সঞ্চয় আমানত এবং অন্যান্য তথ্যাবলী মোবাইলে ক্ষুদে বার্তার মাধ্যমে সংশ্লিষ্ট সুফলভোগীদের জানানোর জন্য প্রতি উপজেলা থেকে মাসিক ৮০০.০০ টাকা প্রয়োজন হবে। উপজেলা দপ্তরে প্রকল্পের বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের ৫% পরিচালনা ব্যয়ের অর্থ থেকে বর্ণিত (১৭০০+৮০০) = ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা ব্যয় করা যাবে।

২। এমতাবস্থায়, প্রকল্পভূক্ত সকল উপজেলাকে মার্চ/২০১৬ খ্রিঃ হতে প্রতি ৩ (তিন) মাস অন্তর (পরবর্তী মাসের প্রথম সপ্তাহে) মাইক্রোফাইনান্স এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরন বাবদ মাসিক (১৭০০+৮০০) = ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা হারে ৩ (তিন) মাসের সর্বমোট ৭৫০০.০০ (সাত হাজার পাঁচশত) টাকার ডিডি/পে-অর্ডার জেলা দপ্তরের মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে প্রেরণে জন্য অনুরোধ করা হলো।

০৩। ডিডি/পে অর্ডার, IRESPPW,BRDB,DHAKA, শিরোনামে অগ্রনী ব্যাংক লিঃ, ওয়াসা কর্পোরেট শাখা, কাওরান বাজার, ঢাকা এর অনুকুলে প্রেরণ করতে হবে।

২৪/৫/১৬

প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপপরিচালক, বিআরডিবি, ------------- জেলা। জেলাধীন উপজেলা থেকে প্রাপ্ত ডিডি/পে অর্ডার মার্চ/২০১৬ খ্রিঃ থেকে প্রতি ০৩ (তিন) মাস অতিক্রান্ত পরবর্তী মাসে প্রকল্প সদর দপ্তরে প্রেরণে জন্য অনুরোধ করা হলো।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ.................., জেলাঃ.................. ।
৬। সংশ্লিষ্ট নথি।